

📖 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সৎকর্ম ও আল্লাহ-প্রেম চাইতে

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ فِعْلَ الْخَيْرَاتِ، وَتَرْكَ الْمُنْكَرَاتِ، وَحُبَّ الْمَسَاكِينِ، وَأَنْ تَغْفِرَ لِي، وَتَرْحَمَنِي، وَإِذَا أَرَدْتَ فِتْنَةً قَوْمٍ فَتَوَفَّنِي غَيْرَ مَفْتُونٍ، وَأَسْأَلُكَ حُبَّكَ، وَحُبَّ مَنْ يُحِبُّكَ، وَحُبَّ عَمَلٍ يُقَرِّبُنِي إِلَى حُبِّكَ

উচ্চারণঃ আল্লা-হুমা ইন্নী আসআলুকা ফি'লাল খাইরা-তি অতাক্বাল মুনকারা-তি অহুব্বাল মাসা-কীন, অআন তাগফিরা লী অতারহামানী, অইয়া আরাভা ফিতনাতা ক্বাউমিন ফাতাওয়াফফানী গাইরা মাফতুন। অ আসআলুকা হুব্বাকা অহুব্বা মাই যুহিব্বকা অহুব্বা আমালিই যুকাররিবুনী ইলা হুব্বিক।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট সৎকর্ম করার ও অসৎ কর্ম ত্যাগ করার প্রেরণা এবং দীন-হীনদের ভালোবাসা প্রার্থনা করছি। আর চাচ্ছি যে, তুমি আমাকে ক্ষমা কর ও দয়া কর। আর যখন তুমি কোন সম্প্রদায়কে ফিতনায় ফেলার ইচ্ছা করবে তখন আমাকে বিনা ফিতনায় মরণ দিও। আমি তোমার নিকট তোমার ভালোবাসা ও তার ভালোবাসা যে তোমাকে ভালোবাসে এবং সেই কর্মের ভালোবাসা যা আমাকে তোমার ভালোবাসার নিকটবর্তী করে তা প্রার্থনা করছি। (মুঃ আহমদ ৫/২৪৩ সঃ তিঃ ২৫৮২নং, হাকেম ১/৫২১)

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=11854>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন